

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং- ৭জি-১১২৬(ক-৩)/২০০৬/ ৭২২২ ১৬

তারিখ: ০৯/০১/২০২০খ্রি.।


বিষয়: সাতক্ষীরা জেলার তালা উপজেলাধীন তালা মহিলা কলেজের অধ্যক্ষের দায়িত্ব প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার তালা মহিলা কলেজের অধ্যক্ষ, জনাব আব্দুর রহমান জন্মতারিখ ৩১/১২/১৯৫৯ অনুযায়ী তার বয়স ৬০ পূর্ণ হয়েছে গত ৩০/১২/২০১৯খ্রি. তারিখে। ৬০ বছর পূর্ণ হওয়ার পরও অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করছেন মর্মে জনাব বিশ্বাস আবু জাফর অভিযোগ করেন।

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১১.৬ মোতাবেক “বয়স ৬০ বছর পূর্ণ হওয়ার পর কোন প্রতিষ্ঠানে প্রতিষ্ঠান প্রধান/সহপ্রধান/শিক্ষক-কর্মচারীকে কোন অবস্থাতেই পুনঃনিয়োগ কিংবা চুক্তিভিত্তিক নিয়োগ দেওয়া যাবে না”। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ০১.০৮.২০১৮খ্রি. তারিখের ১৫২৫ নং পরিপত্রের স্পষ্ট উল্লেখ রয়েছে যে, উক্ত নীতিমালা কার্যকর হওয়ার তারিখ হতে যদি কোন পূর্বের নিয়োগ থাকে তা বাতিল বলে গন্য হবে।

এমতাবস্থায়, জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১১.৬ ধারার নিষেধাজ্ঞা লংঘন করে বয়স ৬০ বছর পূর্ণ হবার পর পুনঃনিয়োগ কিংবা চুক্তিভিত্তিক নিয়োগের অভিযোগ প্রমাণিত হলে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮.১(ক), (খ) ও (চ) অনুচ্ছেদ অনুযায়ী সরকারের নির্দেশনা প্রতিপালন না করার দায়ে প্রতিষ্ঠানের বেতন-ভাতার সরকারি অংশ স্থগিতকরণসহ প্রতিষ্ঠানের গভর্নিং বডির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিষয়টি সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অবহিত করা হলো।


19.01.2020
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোন নং ৯৫৫৬০৫৭
ই-মেইল: ncollege@dshe.gov.bd

সভাপতি
পরিচালনা পরিষদ
তালা মহিলা কলেজ, সাতক্ষীরা।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ২। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
- ৩। জনাব আব্দুর রহমান, অধ্যক্ষ, তালা মহিলা কলেজ, সাতক্ষীরা।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তালা, সাতক্ষীরা।
- ৫। জনাব বিশ্বাস আবু জাফর, সহকারী অধ্যাপক, তালা মহিলা কলেজ, সাতক্ষীরা।
- ৬। সংরক্ষণ নথি।